# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩৩ বর্ষ ২য় সংখ্যা ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) ১৮ মাঘ ১৪২৫, ৩১ জানুয়ারি ২০১৯

## আগামী ১১ মার্চ ডাকসু নির্বাচন

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন আগামী ১১ মার্চ ২০১৯ অনুষ্ঠিত হবে। সকাল ৮টা থেকে অপরাহ্ন ২টা পর্যন্ত নির্বাচনের ভোট গ্রহণ চলবে। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের গঠনতন্ত্রের ৮(ই) ধারা অনুযায়ী ডাকসু'র সভাপতি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৩ জানুয়ারি ২০১৯ নির্বাচনের এই তারিখ ও সময় নির্ধারণ করেন।
এরআগে, বিকেল সাড়ে ৩টায় এবং বিকেল সাড়ে ৪টায় উপাচার্য অফিস সংলগ্ন লাউঞ্জে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন বিষয়ে হল প্রাধ্যক্ষ এবং ডাকসু নির্বাচন সংক্রান্ত উপদেষ্টা পরিষদের পৃথক পৃথক সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে উপাচার্য ডাকসু নির্বাচনের এই তারিখ নির্ধারণ করেন।

## ঢাবি পরিবেশ পরিষদের সভা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবেশ পরিষদের এক সভা গত ২১ জানুয়ারি ২০১৯ অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভায় সভাপতিত্ব করেন। সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, বিভিন্ন হলের প্রভোস্ট এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ক্রিয়াশীল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী সভা সঞ্চালন করেন।
সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের প্রস্তুতি, ডাকসুর গঠণতন্ত্র সংশোধন ও নির্বাচনী আচরণ বিধি প্রণয়ন বিষয়ে মত বিনিময় করা হয়। ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ এক্ষেত্রে বিভিন্ন সুপারিশ উপস্থাপন করেন। নির্বাচনের সার্বিক প্রস্তুতি ও অগ্রগতিতে তারা সন্তোষ প্রকাশ করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে ডাকসু নির্বাচনের জন্য ক্যাম্পাসে ক্রিয়াশীল ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সহযোগিতা চান। ডাকসু নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে যাতে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি না হয়, সে ব্যাপারে সজাগ থাকার জন্যও তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, একাডেমিক ক্যালেন্ডারে অন্তর্ভুক্তির মাধ্যমে প্রতি বছর নিয়মিতভাবে ডাকসু নির্বাচনের বিষয়টি বিবেচনাধীন রয়েছে। নির্বাচনী ব্যবস্থাপনা ত্রুটিমুক্ত রাখতে সর্বাত্মক প্রচেষ্টা চালানো হবে বলেও উপাচার্য উল্লেখ করেন।

## ডাকসু ও হল সংসদ নির্বাচন
## প্রো-উপাচার্য (শিক্ষা)-এর নেতৃত্বে ৭-সদস্য বিশিষ্ট আচরণবিধি প্রণয়ন কমিটি গঠন

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ-কে আহ্বায়ক করে ৭-সদস্য বিশিষ্ট 'আচরণবিধি প্রণয়ন কমিটি' গঠন করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই কমিটি গঠন করেছেন।
কমিটির সদস্যবৃন্দ হলেন- আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন ও ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম, অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মাহবুবুল মোকাদ্দেম এবং টেলিভিশন, চলচ্চিত্র ও ফটোগ্রাফি বিভাগের অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া।



ডাকসু ও হল সংসদ নির্বাচন উপলক্ষে গত ১৭ জানুয়ারি ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে বিভিন্ন হলের প্রভোস্ট, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক এবং প্রক্টরিয়াল টিমের সদস্যদের এক যৌথ সভা অনুষ্ঠিত হয়। এসময় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, চীফ রিটার্নিং অফিসার অধ্যাপক ড. এস এম মাহফুজুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।





ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবেশ পরিষদের এক সভা গত ২১ জানুয়ারি ২০১৯ অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভায় সভাপতিত্ব করেন। এসময় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী উপস্থিত ছিলেন।

## ডাকসু নির্বাচন পরিচালনার লক্ষ্যে অধ্যাপক ড. এস এম মাহফুজুর রহমানকে চীফ রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের অধ্যাপক ড. এস এম মাহফুজুর রহমানকে চীফ রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ১৭ জানুয়ারি ২০১৯ বৃহস্পতিবার ডাকসু ও হল সংসদ গঠনতন্ত্রের ৮(ই) ধারা অনুযায়ী তাঁকে এই নিয়োগ প্রদান করেন।
এছাড়া, উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন পরিচালনায় সার্বিক সহযোগিতা করার জন্য ১৫-সদস্য বিশিষ্ট একটি উপদেষ্টা পরিষদ গঠন করেছেন। এই উপদেষ্টা পরিষদের সদস্যরা হলেন- ইতিহাস বিভাগের সংখ্যাতিরিক্ত অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল আজিজ, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদের ডিন অধ্যাপক ড. মো. হাসানুজ্জামান, অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. শফিক উজ জামান, পপুলেশন সায়েন্সেস বিভাগের অধ্যাপক ড. এ কে এম নুর-উন-নবী, ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. এ কিউ এম মাহবুব, মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. বেলায়েত হোসেন, রসায়ন বিভাগের অধ্যাপক ড. তোফায়েল আহমেদ চৌধুরী, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. সৈয়দ ফরহাদ আনোয়ার, বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ভীষ্মদেব চৌধুরী, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. এ এস এম আতীকুর রহমান, গণিত বিভাগের সংখ্যাতিরিক্ত অধ্যাপক সাজেদা বানু এবং পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউটের অধ্যাপক ড. শারমিন রুমি আলীম।
উল্লেখ্য, চীফ রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগপ্রাপ্ত অধ্যাপক ড. এস এম মাহফুজুর রহমান ইতোপূর্বে ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবের সেক্রেটারি, এশিয়াটিক সোসাইটি'র সাধারণ সম্পাদক সহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন সহ বিভিন্ন নির্বাচন পরিচালনায়ও তাঁর দীর্ঘদিনের অভিজ্ঞতা রয়েছে।

## কবি মুহাম্মদ সামাদের আইপিটিআরসি বেস্ট পয়েট এ্যাওয়ার্ড লাভ



কবি মুহাম্মদ সামাদ

কবি মুহাম্মদ সামাদ চীনের ইন্টারন্যাশনাল পয়েট্রি ট্রান্সলেশন এন্ড রিসার্চ সেন্টার (আইপিটিআরসি) কর্তৃক ঘোষিত 'দি প্রাইজেস ২০১৮: দি ইন্টারন্যাশনাল বেস্ট পয়েট' মনোনীত হয়েছেন। আইপিটিআরসি কাব্য-সাহিত্যে অবদানের জন্য এবছর মোট দশ দেশের দশ জন কবিকে বেস্ট পয়েট মনোনীত করেছে। অন্য দেশের নয়জন কবি হলেন: রুমানিয়ার ড্রাগোস বারবু, তুরস্কের হিলাল কারাহান, মেসিডোনিয়ার মাইট স্টেফোসকি, ক্যাতালুনিয়া-স্পেনের তনিয়া প্যাসোলা, সৌদি আরবের আলী আল-হাজমি, ভারতের মণ্ডল বিজয় বেগ, আলবেনিয়ার ফাতিমি কুল্লি, চীনের দুয়ান গুয়ানগুা'ন এবং বেলজিয়ামের ডমিনিক হেক।
মুহাম্মদ সামাদ বাংলা ভাষা-সাহিত্যের একজন প্রতিভাবান ও জনপ্রিয় কবি। কাব্যক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য তিনি সিটি আনন্দ-আলো পুরস্কার, সৈয়দ মুজতবা আলী সাহিত্য পুরস্কার, কবি সুকান্ত সাহিত্য পুরস্কার, কবি জীবনানন্দ দাশ পুরস্কার, কবি জসীম উদ্‌দীন সাহিত্য পুরস্কার, ত্রিভূজ সাহিত্য পুরস্কার, কবি বিষ্ণু দে পুরস্কার, কবিতালাপ পুরস্কারসহ অনেক সম্মাননা লাভ করেন। মুহাম্মদ সামাদের প্রকাশিত উল্লেখযোগ্য কাব্য গ্রন্থগুলো হচ্ছে: *আমি তোমাদের কবি*, *আমার দু'চোখ জলে ভরে যায়*, *আজ শরতের আকাশে পূর্ণিমা*, *চলো, তুমুল বৃষ্টিতে ভিজি*, *পোড়াবে চন্দন কাঠ*, *আমি নই ইন্দ্রজিৎ মেঘের আড়ালে*, *একজন রাজনৈতিক নেতার মেনিফেস্টো*, *প্রেমের কবিতা*, *কবিতাসংগ্রহ* ও *Selected Poems*। মুহাম্মদ সামাদ-এর জন্ম ১৯৫৬ সালে তৎকালীন ময়মনসিংহ জেলার জামালপুরে। তিনি জাতীয় কবিতা পরিষদের সভাপতি। বর্তমানে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন)-এর দায়িত্বে নিয়োজিত রয়েছেন।

## অমর একুশে পালন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রস্তুতি সভা

অমর একুশে ফেব্রুয়ারি-২০১৯ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদা এবং সুষ্ঠুভাবে পালনের লক্ষ্যে গত ২৪ জানুয়ারি ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর সভাপতিত্বে নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক সভা অনুষ্ঠিত হয়।
সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, সিনেট-সিন্ডিকেট সদস্য, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল ও সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান, বিভিন্ন অনুষদের ডীন, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, অফিস প্রধানগণ এবং কর্মকর্তা ও কর্মচারী সমিতিসমূহের প্রতিনিধি উপস্থিত ছিলেন। এছাড়া, সভায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে উপস্থিত ছিলেন যুগ্ম-সচিব মো: ফয়জুর রহমান ফারুকী। সভার শুরুতে মহান একুশে ফেব্রুয়ারির ভাষা শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে দাঁড়িয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।
উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাতীয় চেতনার প্রতীক একুশে ফেব্রুয়ারির নিরাপত্তা ও মর্যাদার কথা বিবেচনা করে বিগত বছরগুলোর মত এবারও শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সতর্কতা ও ভাবগাম্ভীর্যের সাথে পালন করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ন রাখার স্বার্থে সমন্বয় কমিটি কর্তৃক গৃহীত সকল কর্মসূচী নিয়ম-শৃঙ্খলা বজায় রেখে সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। (২য় পৃষ্ঠায় দেখুন)

## সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে ডাকসু নির্বাচনের জন্য সকলের সহযোগিতা চাই- উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা চেয়েছেন। গত ১৭ জানুয়ারি ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত বিভিন্ন হলের প্রভোস্ট, আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষক এবং প্রক্টরিয়াল টিমের সদস্যদের এক যৌথ সভায় সভাপতির বক্তব্যে তিনি এই সহযোগিতা চান।
সভায় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, চীফ রিটার্নিং অফিসার অধ্যাপক ড. এস এম মাহফুজুর রহমান, প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী প্রমুখ উপস্থিত ছিলেন।
সভায় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনের সার্বিক প্রস্তুতি তুলে ধরেন। তিনি বলেন, ডাকসুর গঠনতন্ত্র সংশোধন/পরিমার্জন এবং আচরণবিধি প্রণয়নের জন্য ইতোমধ্যেই কমিটি গঠন করা হয়েছে। এসব কমিটির কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। তিনি ডাকসু নির্বাচনের সঙ্গে জড়িত আবাসিক শিক্ষক, সহকারী আবাসিক শিক্ষকসহ সংশ্লিষ্টদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সকলকে অবহিত করেন। সকলের সম্মিলিত প্রচেষ্টায় শিগ্‌গিরই ডাকসু নির্বাচন সম্ভব হবে বলে তিনি আশা প্রকাশ করেন।
এর আগে সকালে অধ্যাপক আবদুল মতিন চৌধুরী ভার্চুয়াল ক্লাসরুমে ডাকসু নির্বাচন সংক্রান্ত পৃথক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে সভায় টিএসসি কেন্দ্রিক ২২টি সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধি অংশগ্রহণ করেন।

## ডাকসু নির্বাচন পরিচালনায় ৫জন রিটার্নিং অফিসার নিয়োগ

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র-সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন পরিচালনার লক্ষ্যে চীফ রিটার্নিং অফিসারকে সার্বিক সহায়তা প্রদানের জন্য উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৯ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের ৫জন অধ্যাপককে রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ প্রদান করেন। (৩য় পৃষ্ঠায় দেখুন)



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১৮ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে হাজী মুহম্মদ মুহসীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এসময় হলের প্রাধ্যক্ষ ও ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ছবিতে অতিথিদের সাথে বিজয়ীদের দেখা যাচ্ছে।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১৫ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে ফজলুল হক মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় ফজলুল হক মুসলিম হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মিজানুর রহমান, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ১৪ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে ড. মুহম্মদ শহীদুল্লাহ্ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। এসময় ড. মুহম্মদ শহীদুল্লাহ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড.সৈয়দ হুমায়ুন আখতার, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ছবিতে অতিথিদের সাথে বিজয়ীদের দেখা যাচ্ছে। (ছবি: ঢাবি জনসংযোগ)



ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১৭ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে বিজয় একাত্তর হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১৬ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এসময় হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিয়া রহমান, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



ঢাকা বিশ্ববিদ্যালয় ৫ম আন্তঃহল ছাত্রী ক্রিকেট প্রতিযোগিতা ২০১৮-১৯ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ২৬ জানুয়ারি ২০১৯ অনুষ্ঠিত হয়। এই খেলায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল রোকেয়া হলকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। খেলা শেষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। ছবিতে অতিথিদের সাথে চ্যাম্পিয়ন ও রানার্স-আপ দলের খেলোয়াড়দের দেখা যাচ্ছে।

## অমর একুশে উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রস্তুতি সভা

(১ম পৃষ্ঠার পর) শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনের কর্মসূচী পরিচালনার উদ্দেশ্যে সভায় আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন ও ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালকে সমন্বয়কারী এবং সমিতির সহ-সভাপতি অধ্যাপক ড. মো. ইমদাদুল হক ও সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলামকে যুগ্ম-সমন্বয়কারী করে অমর একুশে উদ্‌যাপন কেন্দ্রীয় সমন্বয় কমিটি গঠন করা হয়। বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী এই কমিটির সদস্য-সচিবের দায়িত্ব পালন করবেন।

সভায় কেন্দ্রীয় সমন্বয় কমিটি ছাড়াও সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে মহান অমর একুশে উদ্‌যাপনের লক্ষ্যে ১২টি উপ-কমিটি গঠন করা হয়। এগুলো হচ্ছে ঃ ঘোষণা মঞ্চ ব্যবস্থাপনা উপ-কমিটি, সাজ-সজ্জা উপ-কমিটি, জরুরী চিকিৎসা ব্যবস্থাপনা উপ-কমিটি, বৈদ্যুতিক আলো ব্যবস্থাপনা উপ-কমিটি, পরিবহন উপ-কমিটি, বাজেট উপ-কমিটি, আপ্যায়ন উপ-কমিটি, স্বেচ্ছাসেবক ব্যবস্থাপনা উপ-কমিটি, শৃঙ্খলা উপ-কমিটি, দাপ্তরিক কার্যাবলী ব্যবস্থাপনা উপ-কমিটি, পরিস্কার-পরিচ্ছন্নতা উপ- কমিটি এবং একুশের রাতে শারীরিক শিক্ষা কেন্দ্রের সুযোগ-সুবিধা নিশ্চিতকরণ উপ-কমিটি।

## আন্তঃহল ছাত্রী ক্রিকেট প্রতিযোগিতায় ফজিলাতুন্নেছা মুজিব হল চ্যাম্পিয়ন

ঢাকা বিশ্ববিদ্যালয় ৫ম আন্তঃহল ছাত্রী ক্রিকেট প্রতিযোগিতা ২০১৮-১৯ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ২৬ জানুয়ারি ২০১৯ অনুষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত এই খেলায় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল রোকেয়া হলকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

ফাইনাল খেলা শেষে বিকেলে ক্রিকেট কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. হাসিবুর রশীদের সভাপতিত্বে অনুষ্ঠিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. এম জিয়াউল হক মামুন, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট অধ্যাপক ড. জাকিয়া পারভীন, রোকেয়া হলের প্রভোস্ট অধ্যাপক ড. জিনাত হুদা সহ হাউজ টিউটর, সিনিয়র শিক্ষক এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

## আহমেদ ইমতিয়াজ বুলবুলের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

বিশিষ্ট সুরকার, গীতিকার, সংগীত পরিচালক ও মুক্তিযোদ্ধা আহমেদ ইমতিয়াজ বুলবুলের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন। বরেণ্য এই শিল্পী গত ২২ জানুয়ারি ২০১৯ হৃদরোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন (ইন্না লিল্লাহি........ রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৩ বছর।

এক শোক বাণীতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, আহমেদ ইমতিয়াজ বুলবুলের মৃত্যুতে জাতি একজন গৌরবদীপ্ত বীর মুক্তিযোদ্ধা ও বরেণ্য সংগীত শিল্পীকে হারালো। তাঁর মৃত্যু সংগীত জগতে এক অপূরণীয় ক্ষতি। শিল্প-সংস্কৃতির জগতে তাঁর অবদান স্মরণীয় হয়ে থাকবে।

উপাচার্য তাঁর রূহের মাগফেরাত কামনা করেন এবং পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, আহমেদ ইমতিয়াজ বুলবুল ১৯৫৬ সালের ১ জানুয়ারি জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭১ সালে মাত্র ১৫ বছর বয়সে মুক্তিযুদ্ধে অংশ নেন।

তিনি প্রায় তিনশতাধিক ছবিতে সংগীত পরিচালনা করেন এবং রচনা করেন 'সব কটা জানালা খুলে দাও না' সহ অসংখ্য জনপ্রিয় গান। দেশের সংগীত জগতে অবদানের জন্য সরকার তাঁকে ২০১০ সালে একুশে পদকে ভূষিত করে। এছাড়াও, রাষ্ট্রপতি পুরস্কার, জাতীয় চলচ্চিত্র পুরস্কারসহ অসংখ্য পুরস্কারে ভূষিত হন এই বরেণ্য সংগীত শিল্পী।

# বিভিন্ন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

## ড. মুহম্মদ শহীদুল্লাহ্ হল

ঢাকা বিশ্ববিদ্যালয় ড. মুহম্মদ শহীদুল্লাহ্ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় পরিসংখ্যান বিভাগের বিএস (সম্মান) ১ম বর্ষের শিক্ষার্থী মো: মাহমুদুল হাসান শাহীন চ্যাম্পিয়ন এবং ইলেকট্রিকাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের এমএস শ্রেণীর শিক্ষার্থী সাকিলুর রহমান রানার্স-আপ হয়েছেন। গত ১৪ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। খেলা শেষে বিজয়ীদের মাঝে প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। অনুষ্ঠানে ড. মুহম্মদ শহীদুল্লাহ্ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড.সৈয়দ হুমায়ুন আখতার, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## ফজলুল হক মুসলিম হল

ঢাকা বিশ্ববিদ্যালয় ফজলুল হক মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় পদার্থ বিজ্ঞান বিভাগের এমএস শ্রেণীর ছাত্র ফয়সাল আহমেদ চ্যাম্পিয়ন এবং মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের বিএস(সম্মান) ৪র্থ বর্ষের ছাত্র ফাহিম আহমেদ রানার্স-আপ হয়েছেন। গত ১৫ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন । অনুষ্ঠানে ফজলুল হক মুসলিম হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মিজানুর রহমান, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল

ঢাকা বিশ্ববিদ্যালয় মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় খোরশেদ ও আব্দুল্লাহ আল মুবিন যৌথভাবে চ্যাম্পিয়ন এবং মো. সাগর ও আকবর হোসেন যৌথভাবে রানার্স-আপ হয়েছেন। গত ১৬ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে জিয়া হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিয়া রহমান, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## বিজয় একাত্তর হল

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজয় একাত্তর হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় ফিন্যান্স বিভাগের ৩য় বর্ষ বিবিএ (সম্মান) শ্রেণীর ছাত্র মো. আলী মামুন চ্যাম্পিয়ন হয়েছেন। গত ১৭ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। খেলা শেষে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. জিয়াউল হক মামুন, ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## হাজী মুহম্মদ মুহসীন হল

ঢাকা বিশ্ববিদ্যালয় হাজী মুহম্মদ মুহসীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের ১ম বর্ষ (সম্মান) শ্রেণীর শিক্ষার্থী মো. আবুল কাশেম চ্যাম্পিয়ন এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ১ম বর্ষ (সম্মান) শ্রেণীর শিক্ষার্থী মো. শহিদুল ইসলাম রানার্স-আপ হয়েছেন। গত ১৮ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সকালে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন। খেলা শেষে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে হাজী মুহম্মদ মুহসীন হলের প্রাধ্যক্ষ ও ঢাবি এ্যাথলেটিক্স কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়া, হলের আবাসিক শিক্ষক, শিক্ষার্থী, শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. জিয়াউল হক মামুন এবং শারীরিক শিক্ষা কেন্দ্রের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# আন্তঃবিভাগ বাস্কেটবল প্রতিযোগিতা



ঢাকা বিশ্ববিদ্যালয় "আন্তঃবিভাগ বাস্কেটবল প্রতিযোগিতা-২০১৮-১৯"-এর উদ্বোধনী অনুষ্ঠান গত ২০ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয় জিমনেসিয়ামে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয় বাস্কেটবল কমিটির সভাপতি মোহাম্মদ বিল্‌লাল হোসেন। এসময় শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. এম জিয়াউল হক মামুনসহ বিশ্ববিদ্যালয়ের বিপুল সংখ্যক শিক্ষক-শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

# বিভিন্ন বিভাগের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের পরিচিতি সভা

## জাতির প্রত্যাশা পূরণে শিক্ষার্থীদের সচেষ্ট থাকতে হবে- উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান পরিবার, সমাজ তথা জাতির প্রত্যাশা পূরণে সচেষ্ট থাকার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন। গত ২০ জানুয়ারি ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণির শিক্ষার্থীদের পরিচিতি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এই আহ্বান জানান। ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর এই অনুষ্ঠানের আয়োজন করে।

ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক ড. মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এসময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও ছাত্র-উপদেষ্টাগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, শিক্ষার্থীদের মেধার সঙ্গে দেশপ্রেম, সত্যবাদিতা এবং সততার সংমিশ্রণ ঘটাতে হবে। মহান মুক্তিযুদ্ধের চেতনা এবং অসাম্প্রদায়িক ও মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ হতে হবে। আন্তর্জাতিক পরিমণ্ডলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুনাম ছড়িয়ে দিতে শিক্ষার্থীদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে। প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পাওয়ায় তিনি মেধাবী শিক্ষার্থীদের অভিনন্দন জানান। তিনি বলেন, হতাশা, বিষণ্নতা বা অসচ্ছলতা যেন শিক্ষার্থীদের স্বপ্ন পূরণে প্রতিবন্ধকতা সৃষ্টি না করে সেদিকে খেয়াল রাখতে হবে। এক্ষেত্রে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সর্বাত্মক সাহায্য ও সহযোগিতা প্রদান করবে বলে তিনি আশ্বাস দেন।

## শিক্ষার্থীদের মেধার সঠিক পরিচর্যা করতে হবে- উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মেধার সঠিক পরিচর্যা করার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন। গত ২২ জানুয়ারি ২০১৯ টিএসসি মিলনায়তনে বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর শিক্ষার্থীদের পরিচিতি সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এই আহ্বান জানান। ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতর এই অনুষ্ঠানের আয়োজন করে।

ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক ড. মেহজাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এসময় বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও ছাত্র উপদেষ্টাগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, দেশের সেরা মেধাবী শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পেয়েছে। ব্যক্তিগত হতাশা, বিষণ্নতা বা অসচ্ছলতার কারণে এই মেধাকে নষ্ট হতে দেয়া যাবে না। শিক্ষার্থীদের সঠিক পরিচর্যা ও সুরক্ষার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাবে বলে উপাচার্য উল্লেখ করেন।

বিশ্ববিদ্যালয়ে প্রাপ্ত সুযোগ-সুবিধার যথাযথ সদ্ব্যবহারের মাধ্যমে যোগ্য নাগরিক ও ভাল মানুষ হিসেবে গড়ে ওঠার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

## কলা অনুষদের বিভিন্ন বিভাগের নবীন শিক্ষার্থীদের পরিচিতি সভা

ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতরের আয়োজনে কলা অনুষদের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর শিক্ষার্থীদের পরিচিতি সভা গত ২৭ জানুয়ারি ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ এবং কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন।

ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের পরিচালক অধ্যাপক ড. মেহ্‌জাবীন হকের সভাপতিত্বে অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও ছাত্র-উপদেষ্টাগণ এবং বিপুল সংখ্যক নবীন শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বৈচিত্র্যতা ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক অসাধারণ শক্তি। এই বিশ্ববিদ্যালয় এমন একটি প্রাঙ্গণ যেখানে ধর্মীয়, সামাজিক, মানবিক ও সাংস্কৃতিক মূল্যবোধ চর্চার সুযোগ রয়েছে। নবীন শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে তিনি বলেন, বিভিন্ন অঞ্চল থেকে শিক্ষার্থীরা এসে এই বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার সুযোগ পায়। বিশ্ববিদ্যালয়ে চলার পথে বিভিন্ন ধরনের প্রতিকূলতা কিংবা মনে হতাশা, বিষণ্নতা আসতে পারে। সেসব সমস্যা মোকাবিলা করার জন্য অভিভাবক হিসেবে শিক্ষকরা সবসময় শিক্ষার্থীদের পাশে রয়েছেন। ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্য হওয়ায় বিশ্ববিদ্যালয় এবং অভিভাবকদের প্রত্যাশা পূরণে শিক্ষার্থীদের সর্বদা সচেষ্ট থাকতে হবে। বিশেষত ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও ঐতিহ্যের প্রতি সম্মান প্রদর্শন করা প্রত্যেক শিক্ষার্থীরই নৈতিক দায়িত্ব। শিক্ষার্থীরা অসাম্প্রদায়িক চেতনা ও মানবিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

## ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা

ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের নবীন বরণ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ বর্ষের শিক্ষার্থীদের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান গত ১৬ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ রবীন্দ্রনাথ ঠাকুরের জীবন দর্শন তুলে ধরে বলেন, বিদ্যা চর্চা ছাড়া কোন মানুষই বড় হতে পারে না, তাই সময় যেন জীবন থেকে নষ্ট না হয়ে যায় সেদিকে শিক্ষার্থীদের লক্ষ্য রাখতে হবে। তিনি আরও বলেন, শিক্ষার্থী এবং শিক্ষকের মধ্যে যদি সম্পর্ক সুন্দর না হয় তবে জ্ঞান অর্জন সম্ভব নয়। তাই শিক্ষক-ছাত্রের মধ্যে সুসম্পর্ক বজায় রাখার জন্য সকলের প্রতি তিনি আহ্বান জানান।

ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আতাউর রহমান মিয়াজীর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনআরবি গ্লোবাল ব্যাংক লি: এর চেয়ারম্যান জনাব নিজাম চৌধুরী।

## আরবী বিভাগের নবীন বরণ ও বিদায় সংবর্ধনা

ঢাকা বিশ্ববিদ্যালয় আরবী বিভাগের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের 'নবীন বরণ' ও মাস্টার্স শেষ বর্ষের শিক্ষার্থীদের 'বিদায় সংবর্ধনা' গত ২০ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের আরসি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

আরবী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ ইউসুফ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে বাংলাদেশে নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসেফ এস ওয়াই রামাদান প্রধান অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসেফ এস ওয়াই রামাদান বলেন, বাংলাদেশ এবং ফিলিস্তিনের মধ্যে দীর্ঘদিন যাবৎ বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বিরাজ করছে। বাংলাদেশ সরকার ও জনগণ সর্বদা ফিলিস্তিনের পাশে থাকায় তিনি সরকার ও জনগণকে ধন্যবাদ জানান।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ নবাগত শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানিয়ে বলেন, তোমরা লেখা-পড়ায় মনোযোগী হবে এবং বিশ্ববিদ্যালয় প্রদত্ত সকল সুযোগ-সুবিধার সদ্ব্যবহার করবে। তিনি দেশ ও জাতির অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য বিদায়ী শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

## বিজ্ঞান ও চারুকলা অনুষদের নবীন শিক্ষার্থীদের পরিচিতি সভা

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান ও চারুকলা অনুষদের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর শিক্ষার্থীদের পরিচিতি সভা গত ২১ জানুয়ারি ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

বিশ্ববিদ্যালয়ের ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতর আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ এবং চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন। স্বাগত বক্তব্য রাখেন ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দফতরের ভারপ্রাপ্ত পরিচালক অধ্যাপক ড. মেহ্‌জাবীন হক। এসময় বিজ্ঞান ও চারুকলা অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের চেয়ারম্যানগণ সহ বিপুল সংখ্যক শিক্ষক ও নবীন শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নবীন শিক্ষার্থীদের আন্তরিক অভিনন্দন জানিয়ে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় পৃথিবীর বুকে একটি অনন্যসাধারণ প্রতিষ্ঠান। এই বিশ্ববিদ্যালয় একটি রাষ্ট্রের জন্ম দিয়েছে। তোমরা মেধাবী শিক্ষার্থী হিসেবে এই বিশ্ববিদ্যালয়ে পদার্পণ করেছো। ঢাকা বিশ্ববিদ্যালয় মূল্যবোধ তৈরির একটা জায়গা। আর একজন ভালো মানুষ হওয়ার জন্য মূল্যবোধ, উদারনৈতিক দৃষ্টিভঙ্গি থাকাটা অত্যন্ত জরুরি। এই বিশ্ববিদ্যালয়ের মূল্যবোধ শিক্ষার্থীদের মধ্যে প্রবেশ করে এবং পরবর্তী জীবনে শিক্ষার্থীদের মাঝে সেই দৃষ্টিভঙ্গির প্রকাশ পায়। উপাচার্য আরও বলেন, "তোমরা নতুন পরিবেশে এসেছো। চলার পথে তোমরা বিভিন্ন ধরনের নেতিবাচক পরিস্থিতির সম্মুখীন হতে পার। সেক্ষেত্রে কোন ধরনের হতাশা, বিষণ্নতা, বিদ্রুপ, অপমান যেন তোমাদের মেধাকে নষ্ট করতে না পারে, সেই বিষয়ে তোমাদের যত্নশীল হতে হবে।"

## ডাকসু নির্বাচন পরিচালনায় ৫জন রিটার্নিং অফিসার নিয়োগ

(১ম পৃষ্ঠার পর) পাঁচজন রিটার্নিং অফিসার হলেন- মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. দিদার-উল-আলম, গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদার, ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজের পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. আবদুল বাছির এবং কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. মোস্তাফিজুর রহমান।

উল্লেখ্য, উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ইতোপূর্বে কেন্দ্রীয় ছাত্র-সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচন পরিচালনার লক্ষ্যে অধ্যাপক ড. এস এম মাহফুজুর রহমানকে চীফ রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ প্রদান করেছেন।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২০ জানুয়ারি ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণির শিক্ষার্থীদের পরিচিতি সভায় প্রধান অতিথির বক্তব্য দেন।



ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান ও চারুকলা অনুষদের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর শিক্ষার্থীদের পরিচিতি সভা গত ২১ জানুয়ারি ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২২ জানুয়ারি ২০১৯ টিএসসি মিলনায়তনে বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীর শিক্ষার্থীদের পরিচিতি সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।



ঢাকা বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের নবীন বরণ এবং বিদায় সংবর্ধনা অনুষ্ঠান গত ১৬ জানুয়ারি ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আতাউর রহমান মিয়াজীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথির বক্তব্য রাখেন।



ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদ আয়োজিত ১ম আন্তঃবিভাগ বিতর্ক প্রতিযোগিতায় আরবী বিভাগ চ্যাম্পিয়ন হয়েছে এবং রানার্স-আপ হয়েছে শান্তি ও সংঘর্ষ অধ্যয়ন বিভাগ। গত ২০ জানুয়ারি ২০১৯ বিশ্ববিদ্যালয়ের নাটমণ্ডলে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন। ছবিতে অতিথিবৃন্দের সাথে পুরস্কারপ্রাপ্তদের দেখা যাচ্ছে।



"ভ্রমণ ও সুস্থ সাংস্কৃতিক চর্চায় দূর হবে মাদক-সন্ত্রাস ও জঙ্গিবাদের আগ্রাসন" এই শ্লোগানে ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের জয়নুল গ্যালারীতে গত ১৯ জানুয়ারি ২০১৯ শেষ হয়েছে তিন দিনব্যাপি আলোকচিত্র প্রদর্শনী "দেশ-বিদেশ"। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, এমপি। ছবিতে অতিথিদের প্রদর্শনী ঘুরে দেখতে দেখা যাচ্ছে।



ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ২৫ জানুয়ারি ২০১৯ চারুকলার বকুল তলায় সামাজিক সংগঠন 'রঙে ভরা বঙ্গ' আয়োজিত খেজুরের রস কেন্দ্রিক 'রস উৎসব' উদ্বোধন করেন। এসময় অন্যান্যের মধ্যে সংগঠনের সভাপতি অধ্যাপক হায়াৎ মামুদ এবং চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন উপস্থিত ছিলেন।

## আবদুল গাফ্‌ফার চৌধুরীকে আজীবন সম্মাননা প্রদান

# ৫জন শিক্ষার্থীর আতাউস সামাদ স্মারক বৃত্তি লাভ

২০১৮ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ৫জন মেধাবী শিক্ষার্থী 'আতাউস সামাদ স্মারক বৃত্তি' লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন- মো. নাজমুল হুসাইন, মোস্তফা মো. তাহান, তারেক আল হাসান, ইশরাতুল জাহান শোভা এবং ইসতিয়াক আহমেদ। গত ২০ জানুয়ারি ২০১৯ মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

বিভাগীয় চেয়ারপার্সন অধ্যাপক ড. কাবেরী গায়েন-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এতে 'সংবাদপত্রে কলাম: তাৎপর্য ও শৈলী' শীর্ষক স্মারক বক্তৃতা প্রদান করেন অধ্যাপক ড. মো. গোলাম রহমান। অনুষ্ঠানে আজীবন সম্মাননা প্রদান করা হয় আবদুল গাফ্‌ফার চৌধুরীকে। তাঁর পক্ষে সম্মাননা গ্রহণ করেন সাংবাদিক আলী হাবিব। লন্ডনে বসবাসরত আবদুল গাফ্‌ফার চৌধুরী টেলিফোনে তাঁর শুভেচ্ছা প্রদান করেন। অধ্যাপক ড. গোলাম রহমান ও আবদুল গাফ্‌ফার চৌধুরীর সংক্ষিপ্ত জীবনী পাঠ করেন যথাক্রমে বিভাগীয় প্রভাষক মার্জিয়া রহমান ও সহযোগী অধ্যাপক শাওন্তী হায়দার। অনুষ্ঠান সঞ্চালনা করেন অধ্যাপক রোবায়েত ফেরদৌস। অনুষ্ঠানে আবদুল গাফ্‌ফার চৌধুরীর দীর্ঘদিনের পথচলার সঙ্গী কবি আসাদ চৌধুরী এবং ট্রাস্ট ফান্ডের উদ্যোক্তা মরহুম সাংবাদিক এবিএম মূসার দুই কন্যা, বিভাগীয় শিক্ষকবৃন্দ ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্তদের আন্তরিক অভিনন্দন জানান। তিনি তথ্যসমৃদ্ধ একটি চমৎকার প্রবন্ধ উপস্থাপনের জন্য অধ্যাপক ড. মো. গোলাম রহমানকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উপাচার্য বলেন, আতাউস সামাদ, এবিএম মূসা এবং আবদুল গাফ্‌ফার চৌধুরী এই তিনজন সমান্তরাল ও ভিন্ন উচ্চতার মানুষ। সংবাদ পত্রে কলাম লেখনীর মাধ্যমে সমাজে তাদের একটি শক্ত অবস্থান রয়েছে। আবদুল গাফ্‌ফার চৌধুরী যে শুধু 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী' এই অমর গানটি লিখেছেন তা নয় বরং অসাম্প্রদায়িক বাঙালী জাতি গঠনে তাঁর লেখনীতে রয়েছে এক অসাধারণ শক্ত ভূমিকা। '৭৫ পরবর্তী তাঁর রাজনৈতিক কলাম লেখনীও অত্যন্ত গুরুত্বপূর্ন এবং এটাকে পথিকৃতের ভূমিকা বলা যেতে পারে বলে উপাচার্য উল্লেখ করেন।



# বিজ্ঞান অনুষদের ডিন্‌স এ্যাওয়ার্ড পেলেন ৫জন শিক্ষক এবং ৩৭জন শিক্ষার্থী



২০১৫, ২০১৬ এবং ২০১৭ সালের বিএস (সম্মান) পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করায় ৩৭জন শিক্ষার্থী ঢাকা বিশ্ববিদ্যালয় বিজ্ঞান অনুষদের ডিন্‌স এ্যাওয়ার্ড লাভ করেছেন। এছাড়া, পুস্তক রচনা ও মৌলিক গবেষণায় অসাধারণ অবদানের স্বীকৃতিস্বরূপ অনুষদের ৫জন শিক্ষককে ডিন্‌স এ্যাওয়ার্ড প্রদান করা হয়েছে। গত ১৬ জানুয়ারি ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ডিন্‌স এ্যাওয়ার্ডপ্রাপ্তদের হাতে মেডেল ও সনদপত্র তুলে দেন।

বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল আজিজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। এছাড়া, অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও বক্তব্য রাখেন অধ্যাপক ড. মো. শফিকুল ইসলাম, অধ্যাপক ড. তামান্না হাওলাদার, বিকাশ পাল এবং নাসরিন লিপি।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান নৈতিক মূল্যবোধ ও অসাম্প্রদায়িক চেতনায় সামনে এগিয়ে যাওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের জন্য রয়েছে নানান সুযোগ-সুবিধা এবং সকলকে এসব সুযোগ-সুবিধার সদ্ব্যবহার করতে হবে। এ্যাওয়ার্ডপ্রাপ্ত মেধাবী শিক্ষার্থীরা আগামী দিনে দেশ ও জাতির উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন। তিনি পরীক্ষায় ভালো ফলাফল অর্জনের মাধ্যমে ডিন্‌স এ্যাওয়ার্ড পাওয়ার জন্য শিক্ষার্থীদের আন্তরিক অভিনন্দন জানান এবং একইসাথে তাদের এই অর্জনে কার্যকর ভূমিকা রাখায় অভিভাকক ও শিক্ষকদের ধন্যবাদ জ্ঞাপন করেন।

এ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষকগণ হলেন- অধ্যাপক ড. সমীর কুমার ভৌমিক, অধ্যাপক ড. এম. শফিকুর রহমান, অধ্যাপক ড. তামান্না হাওলাদার, সহযোগী অধ্যাপক ড. মো. আনোয়ার হোসেন এবং সহকারী অধ্যাপক নাবিল আওয়ান।

# এ কিউ.এম মহিউদ্দিন মেমোরিয়াল বৃত্তি পেলেন ২ শিক্ষার্থী



২০১৭ সালের বিএস সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশ বিভাগের ২ জন মেধাবী শিক্ষার্থীকে 'এ কিউ এম মহিউদ্দিন মোমোরিয়াল বৃত্তি' প্রদান করা হয়েছে। বৃত্তিপ্রাপ্তরা হলেন- নিশাত তাসনিম কাকন ও মো. আমজাদ হোসেন। গত ২০ জানুয়ারি ২০১৯ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে ভূগোল ও পরিবেশ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. রেজওয়ান হোসেন ভূইয়া, ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক ড. নাজনীন আফরোজ হক, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান সহ কয়েকজন শিক্ষক উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সমৃদ্ধ দেশ গঠনের লক্ষ্যে নৈতিক মূল্যবোধে উদ্বুদ্ধ হওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি প্রয়াত এ কিউ এম মহিউদ্দিন-এর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

# 'তাইবুন নাহার রশিদ ও আবদুর রশিদ' ট্রাস্ট ফান্ড গঠিত



ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদে 'তাইবুন নাহার রশিদ ও আবদুর রশিদ ট্রাস্ট ফান্ড' গঠন করা হয়েছে। এই লক্ষ্যে রশিদ পরিবারের দুই সন্তান আলী আসগর খুরশিদ ও আলী বখতিয়ার মাহমুদ (মেহেদী) ১৫ লক্ষ টাকার একটি চেক গত ২৭ জানুয়ারি ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. সাজাহান মিয়া, প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই অনুদানের জন্য দাতাদের ধন্যবাদ জানান। এই ট্রাস্ট ফান্ড গঠনের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সাথে দাতা পরিবারের একটি সম্পর্ক স্থাপিত হল। বিশ্ববিদ্যালয়ের মেধবী ও অস্বচ্ছল শিক্ষার্থীরা এধরনের উদ্যোগের মাধ্যমে উপকৃত হবে বলে উপাচার্য আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, তাইবুন নাহার রশিদ একজন সমাজসেবক, কবি-লেখক ও বহুগুণের অধিকারী ছিলেন। ২০০৬ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের মিশিগান স্টেটের সিয়েনা হাইটস্ ইউনিভার্সিটি তাকে অনারারি ডি.লিট ডিগ্রী প্রদান করে। জনাব আবদুর রশিদ ১৯৩৫ সনে ঢাকা বিশ্ববিদ্যালয় দর্শন বিভাগ থেকে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। ১৯৩৭ সালে বেঙ্গল সিভিল সার্ভিস (বিসিএস) এ উত্তীর্ণ হয়ে তৎকালীন বৃটিশ সরকারের প্রশাসন ক্যাডারে নিয়োগ লাভ করেন। এই দম্পতির ৬ সন্তানের মধ্যে ৫জনই ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী এবং সবাই সমাজে সুপ্রতিষ্ঠিত।

ঢাকা বিশ্ববিদ্যালয় আরবী বিভাগের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির শিক্ষার্থীদের 'নবীন বরণ' ও মাস্টার্স শেষ বর্ষের শিক্ষার্থীদের 'বিদায় সংবর্ধনা' গত ২০ জানুয়ারি ২০১৯ আরসি মজুমদার আর্টস মিলনায়তনে অনুষ্ঠিত হয়। আরবী বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ ইউসুফ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বাংলাদেশে নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসেফ এস ওয়াই রামাদান প্রধান অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন।




**সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক** (ভারপ্রাপ্ত), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫